দৈনিক
# ইনকিলাব

তারিখ ···· 2 3 · APR · 2009
পৃষ্ঠা ···· কলাম ····

## শেকৃবি থেকে ছাত্রলীগ নেতা বহিষ্কার : ৬ জনের বিরুদ্ধে শাস্তি

শেকৃবি সংবাদদাতা

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে গত সোমবার ছাত্রলীগ ও ছাত্রদলের সংঘর্ষের ঘটনায় গতকাল ছাত্রলীগের টুয়েল, বাশার, শাওন, ইলিয়াস, নাজমুলসহ ৭ জন নেতাকে বহিষ্কার করা হয়েছে। এদের একজনকে আজীবন ও ৬ জনকে এক সেমিস্টারের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহিষ্কার করেন। গত ২১ এপ্রিল জরুরী সিন্ডিকেটের ৩৭তম সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। এর পৃঃ ৫ কঃ ৪

## শেকৃবি থেকে

১৬-এর পৃষ্ঠার পর

আগে ২০ এপ্রিল ৩১তম একাডেমিক কাউন্সিলের জরুরী সভায় এ শাস্তির জন্য সুপারিশ করা হয়। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মো: সেকেন্দার আলী বিষয়টির সত্যতা নিশ্চিত করেছেন। তবে এ ঘটনার সুষ্ঠু তদন্ত না করে ও সংঘর্ষের সাথে জড়িত ছাত্রদলের দুই ক্যাডার আমিন, রায়হান অভিযোগ না করলেও তড়িঘড়ি করে শুধু বিএনপি-জামায়াত সম্পর্কিত সাদা দলের দুই শিক্ষকের অভিযোগের ভিত্তিতে এ শাস্তি দেয়া হয় বলে অভিযোগ রয়েছে। বর্তমানে সিন্ডিকেট বিশ্ববিদ্যালয়ে সকল প্রকার সভা, সমাবেশ ও মিছিল নিষিদ্ধ করেছে। এ ঘটনায় বহিষ্কৃতরাসহ কয়েকজন ছাত্রের নামে তেজগাঁও থানায় মামলা দায়ের করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।